



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
এম.সি.কলেজ,সিলেট।  
ফোন : ৭৬০৬৩৪, ফ্যাক্স : ৭৬২১৩৪  
website: [www.mccollege.edu.bd](http://www.mccollege.edu.bd)  
Email: m.c.college\_sylhet@live.com



তারিখ: ১৭.১১.২০১৮খ্রি.

## ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে শেষ পর্ব মাস্টার্স (নিয়মিত) কোর্সে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

### প্রথম ধাপ: অনলাইনে আবেদনঃ

শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) -এর Masters Tab-এ ক্লিক করে **apply now (Masters Reg.)** অপশনের মাধ্যমে ১৮/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮ তারিখের মধ্যে আবেদন ফরম পূরণ করতে হবে।

### দ্বিতীয় ধাপ: ফি ও আবেদন ফরম জমাদানঃ

শিক্ষার্থীদেরকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটি জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত আবেদন-ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) “শিওরক্যাশ” **Payment Keyword-mcco** এর মাধ্যমে টাকা পরিশোধ করে ট্রানজেকশন আইডি নম্বর ও মোবাইল নম্বর অনলাইন ফরমের উপরে লিখে প্রয়োজনীয় কাগজপত্রসহ ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

জমাদানের তারিখঃ ২০/১১/২০১৮ হতে ২৭/১১/২০১৮ খ্রি. পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

জমাদানের সময়ঃ সকাল ১০:৩০ হতে দুপুর ১:০০ পর্যন্ত।

জমাদানের স্থানঃ এম.সি.কলেজ পুরাতন দর্শন বিভাগ (শিশু বিদ্যালয়ের সামনে)।

### আবেদনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা অথবা তিন বছর মেয়াদী স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত অথবা ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত/রেজিস্ট্রেশন প্রাপ্ত কোন প্রার্থী ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন প্রার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল হয়ে যাবে।

গ) একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) অথবা মাস্টার্স প্রফেশনাল কোর্সে অধ্যয়নরত অবস্থায় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### আবেদনের সাথে যেসব কাগজ-পত্রাদি কলেজে জমা দিতে হবে :

ক) আবেদনকারীকে প্রিন্ট করা আবেদন ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর, করতে হবে।

খ) আবেদন ফরমের সাথে প্রার্থীরা স্নাতক (সম্মান) /স্নাতক (পাস) ও স্নাতকোত্তর ১ম পর্ব(নিয়মিত) পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র ও সত্যায়িত রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি জমা দিতে হবে।

বিঃদ্র: আবেদনকারীকে শিওরক্যাশ অথবা যে কোন এজেন্ট এর নিকট বা নিজস্ব শিওরক্যাশ একাউন্ট থেকে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে। “শিওরক্যাশ” এর সার্ভিস চার্জ হবে ১% (সর্বনিম্ন ৪ টাকা, সর্বোচ্চ ৩০ টাকা)।

এছাড়াও বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে।

স্বাক্ষরিত/-

অধ্যক্ষ

এম.সি.কলেজ, সিলেট